দৈনিক [illegible]

তারিখ ... 1[illegible] APR 1990
পৃষ্ঠা ... ২ কলাম ৭ ...

৫/

07

## ডিগ্রী পরীক্ষার রুটিন প্রসঙ্গে

১৯৮৯ ইং সালে অনুষ্ঠিত বি-কম (পাস) পরীক্ষার রুটিনে ৩ দিন বিরতি দিয়া পর পর ৩টি বিষয়ের পরীক্ষা কোন বিরতি ছাড়াই নেওয়া হইয়াছিল। এই ব্যবস্থায় সম্পূর্ণভাবে ৩টি বিষয়ের রিভিশন দেওয়া ছাত্রদের পক্ষে সম্ভব নয়। অনুরূপভাবেই বি, এ এবং বি, এস-সি পরীক্ষাও নেওয়া হইয়াছিল। এই পদ্ধতিতে ছাত্র-ছাত্রীদের অত্যন্ত অসুবিধা ভোগ করিতে হয়। এইজন্য আমাদের সবিনয় অনুরোধ, বি,এ, বি,কম, বি, এস-সি পরীক্ষা পর পর না নিয়া ১ম দিন বি,এ; ২য় দিন বি,কম এবং ৩য় দিন বি, এসসি বিভাগের পরীক্ষা চক্রাকারে যেন অনুষ্ঠিত হয়। যাতে প্রত্যেক বিষয়েই অন্ততঃপক্ষে এক-দিন করিয়া বিরতি পাওয়া যায়। ইহাতে ১৯৮৯ইং সনের মত একই সময় লাগিবে। যার ফলে পরীক্ষার্থীরা যথেষ্ট উপকৃত হইবে। আশা করি, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সহানুভূতির সহিত বিষয়টি বিবেচনা করিবেন।

—রাশেদ, সিরাজ, কামাল, পলাশ, জামিল এবং আরো অনেকে, ঢাকা সিটি কলেজ, ঢাকা।